

খড়গপুরে গ্লোবাল হাব

● খড়গপুরে টাটা ও হিতাচির যৌথ উদ্যোগে খননকার্যে ব্যবহৃত যন্ত্র তৈরির কারখানাকে 'গ্লোবাল হাব' বানাতে চায় ওই সংস্থা। টাটা-হিতাচির ম্যানেজিং ডিরেক্টর রণবীর সিংহ বৃহস্পতিবার এ কথা জানান। গত বছর শুরু হওয়া ওই কারখানায় তৈরি হয় খননে ব্যবহৃত ছোট ও মাঝারি মাপের যন্ত্র। আফ্রিকা, পশ্চিম এশিয়া, দক্ষিণ পূর্ব এশিয়ায় ওই যন্ত্রের বাজার ধরতেই এই উদ্যোগ বলে জানা গিয়েছে।